ঢাকায় রোনালদিনহো

ঢাকায় পা রেখেছে ব্রাজিলের বিশ্বকাপ জয়ী তারকা ফুটবলার রোনালদিনহো। বুধবার (১৮ অক্টোবর) বিকেল তিনটার পর কলকাতা থেকে ঢাকায় আসেন তিনি।

ঢাকায় পা রেখেই রাজধানীর একটি পাঁচ তারকা হোটেলে বিশ্রাম নেওয়ার কথা রয়েছে তার। এই সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন তিনি। বুধবার সন্ধ্যা সাড়ে ৬টায় প্রধানমন্ত্রীর সঙ্গে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য পাওয়া গেছে। এরপর সাংবাদিকদের সঙ্গে কথা বলবেন রোনালদিনহো।

এ ছাড়া জাতীয় পুরুষ ও নারী দলের অধিনায়ক জামাল ভূঁইয়া ও সাবিনা খাতুনের সঙ্গে দেখা করবেন। ব্রাজিল ফুটবল দলের সমর্থক, বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক অধিনায়ক তামিম ইকবালের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি। ঢাকায় বিকেলে সফর শেষ করে রাতেই ফিরে যাওয়ার কথা রয়েছে ব্রাজিলের বিশ্বকাপজয়ী এই ফুটবলারের। ভারতীয় ক্রীড়া উদ্যোক্তা শতদ্রু দত্ত ব্রাজিলিয়ান প্লেমেকারকে ঢাকায় এনেছেন।

সূত্র: ইত্তেফাক

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল

টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) এর শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রিয়া সংস্থার আয়োজনে এই টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার ছেলুন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপারেশন) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার,চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশন সভাপতি এখলাছ উদ্দিন সুজন সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রিয়া সংস্থার কর্মকর্তা বৃন্দ

বন্দুকধারীদের হামলায় পরিত্যক্ত বেলজিয়াম-সুইডেন ম্যাচ

২০২৪ ইউরো চ্যাম্পিয়নশিপের বাছাইপর্বে মুখোমুখি হয়েছিল বেলজিয়াম ও সুইডেন। তবে বন্দুকধারীদের হামলার কারণে ম্যাচ পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। ফুটবলার ও দর্শকদের নিরাপত্তার কথা মাথায় রেখে খেলা পরিত্যক্ত ঘোষণা করে আয়োজকরা।

সোমবার (১৬ অক্টোবর) স্থানীয় সময় রাতে বেলজিয়ামের ব্রাসেলসের কিং বাদয়োইন স্টেডিয়ামে সুইডেনকে আতিথ্য দিয়েছিল বেলজিয়াম।

ম্যাচের প্রথমার্ধ শেষে ১-১ গোলে সমতায় থেকে বিরতিতে যায় দু’দল। এমন সময় জানা যায়, দুষ্কৃতকারীদের গুলিতে দুই সুইডিশ নাগরিক নিহত হয়েছেন। তাতে খেলা পরিত্যক্ত ঘোষণা করে আয়োজকরা।

এ নিয়ে ইউরোপিয়ান ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা উয়েফার ওয়েবসাইটে বিবৃতিতে বলা হয়, ‘সোমবার সন্ধ্যায় ব্রাসেলসে সন্দেহভাজন সন্ত্রাসী হামলার পর দুই দল এবং স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে বেলজিয়াম ও সুইডেনের মধ্যকার বাছাইপর্বের ম্যাচটি পরিত্যক্ত ঘোষণা করা হলো।’

বিবিসি জানিয়েছে, ম্যাচের কয়েক ঘণ্টা আগে গুলি করে দুই সুইডিশ নাগরিককে হত্যা করে বন্দুকধারীরা। ব্রাসেলসের বুলেভার্দ ডি’ইয়প্রে গুলি করে এই হত্যার ঘটনা ঘটে। সেখান থেকে প্রায় ৩ মাইল দূরেই কিং বাদয়োইন স্টেডিয়াম খেলতে নেমেছিল বেলজিয়াম ও সুইডেন।

১২৮ বছর পর অলিম্পিকে ফিরছে ক্রিকেট

অলিম্পিক গেমসে দীর্ঘ ১২৮ বছর পর আবারো ফিরেছে ক্রিকেট। আজ সোমবার (১৬ অক্টোবর) বিষয়টি নিশ্চিত করেছে অলিম্পিক। ভারতীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, কেবল দুটি ‘না’ ভোট পড়েছিল এই প্রস্তাবনায়।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির ভারতীয় সদস্য নিতা আম্বানি এক ভিডিও বার্তার মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন। এছাড়া অলিম্পিকের নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যমে ক্রিকেটকে ফিরিয়ে আনার ঘোষণা দেওয়া হয়েছে।

এর আগে ১৯০০ সালে অলিম্পিকে ক্রিকেট শেষবার হয়েছিল। সেবার গ্রেট ব্রিটেন স্বর্ণ ও ফ্রেঞ্চ এথলেটিক ক্লাব ইউনিয়ন রৌপ্য জয় করে। এরপর থেকে আর ক্রিকেট খেলা হয়নি বৈশ্বিক এই প্রতিযোগিতায়। ১৯৮৬ সালে অ্যাথেন্স অলিম্পিকে ক্রিকেট রাখা হলেও পর্যাপ্ত সংখ্যক দল অংশ না নেওয়ায় শেষ পর্যন্ত মাঠে গড়ায়নি কোনো বল।

সাকিবেকে চোখ রাঙাচ্ছেন রোহিত

বিশ্বকাপের মতো বড় মঞ্চে জ্বলে উঠেছেন রোহিত শর্মা। আফগানিস্তানের বিপক্ষে রেকর্ড গড়ে শতরানের ইনিংসের পর চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের বিপক্ষেও ব্যাট হাতে আগ্রাসী মেজাজে দেখা গিয়েছে ভারতের অধিনায়ককে। ভারতের জয়ের দিনে নতুন মাইলফলক স্পর্শ করেছেন রোহিত।

ওয়ানডে বিশ্বকাপে সর্বাধিক রান করা ব্যাটারের মধ্যে সাত নম্বরে আছেন রোহিত শর্মা। স্বদেশী ব্যাটার বিরাট কোহলিকে পেছনে ফেলেছেন তিনি। এখন পর্যন্ত বিশ্বকাপের ২০টি ম্যাচ খেলে রোহিতের সংগ্রহ ১১৯৫ রান। সেই তালিকায় বিরাট কোহলি ২৯টি ম্যাচে ১১৮৬ রান সংগ্রহ করেন। কিন্তু বাংলাদেশ অধিনায়ক সাকিব আল হাসান তার উপরে আছেন। এখন পর্যন্ত বিশ্বকাপের ৩২টি ম্যাচ খেলে ১২০১ রান করেছেন তিনি। আর মাত্র ৭ রান করলেই সাকিবকে টপকে যাবেন ভারতের অধিনায়ক।

সর্বোচ্চ রান সংগ্রাহক ব্যাটারদের তালিকায় শীর্ষে রয়েছেন ভারতীয় গ্রেট শচীন টেন্ডুলকার। বিশ্বকাপের ৪৫টি ম্যাচ খেলে ২২৭৮ রান করেছেন তিনি। ৪৬টি ম্যাচে ১৭৪৩ রান করে দ্বিতীয় স্থানে রয়েছেন অস্ট্রেলিয়ার বিশ্বকাপজয়ী অধিনায়ক রিকি পন্টিং তৃতীয় স্থানে আছেন শ্রীলঙ্কার সাবেক অধিনায়ক কুমার সাঙ্গাকারা। বিশ্বকাপের ৩৭টি ম্যাচে ১৫৩২ রান করেছেন তিনি।

তালিকায় চতুর্থ স্থানে রয়েছেন ওয়েস্ট ইন্ডিজের সাবেক অধিনায়ক ব্রায়ান লারা। তিনি ৩৪টি ম্যাচ খেলে ১২২৫ রান করেছিলেন। পঞ্চম স্থানে রয়েছেন দক্ষিণ আফ্রিকার সাবেক ব্যাটার এবি ডি ভিলিয়ার্স। তিনি ২৩টি ম্যাচে ১২০৭ রান করেছেন।

চুয়াডাঙ্গা ডিঙ্গেদহে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের ডিঙ্গেদহ বাজার বাফার মাঠে গতকাল শনিবার দুপুর সাড়ে তিনটার সময় মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্টে শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ৪নং ওয়ার্ডের সাবেক মেম্বর আবুল কালাম আজাদের সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

এ সময় তিনি বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। সুন্দর সমাজ গঠন করতে বেশি করে খেলাধুলার আয়োজন করার আহ্বান জানান তিনি।

মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ফাইনাল খেলায় সুবদিয়া স্পোর্টিং ক্লাব হানুড়বাড়াদি স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন । খেলার ফলাফল হানুড়বাড়াদি স্পোর্টিং ক্লাব ০ সুবদিয়া স্পোর্টিং ক্লাব ১

এ সময় বিশেষ অতিথি হিসেবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের আইসি হারুন আর রশিদ, ডিঙ্গেদাহ বাজারের বিশিষ্ট ব্যবসায়ি জাকির হোসেন জোয়ার্দ্দার বাবু, চুয়াডাঙ্গা সোনালী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেডের ব্রাঞ্চ ম্যানেজার তরিকুল ইসলাম তুহিন, খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক বাবুল মুন্সী।

এ সময় আরও উপস্থিত ছিলেন, শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সাধারণ

সম্পাদক সেলিম রেজা, সাংগঠনিক সম্পাদক মাহফুজ, পদ্মবিলা ইউনিয়ন যুব লীগের সভাপতি বনফুল, যুগ্ন সাধারণ সম্পাদক সুমন মেম্বর, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মাসুম হোসেন, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, রিংকু ইসলাম, আমজেদ, শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগ নেতা মোমিন, শামিম, সাইফুদ্দীন, রাজু, আলিফ, রাশেদ, মেহেদি, সাকিব, শুভ, মিলন, শিপন, সাইদ, রাসেল, সুজন আমান, রুবেল, ফাহাদ, শাকিল, নয়ন, সাবেক ফুটবল বৃন্দ উপস্থিত ছিলেন ।

শান্তর থ্রোতে ছিটকে গেলেন উইলিয়ামসন

ইনজুরি যেন পিছুই ছাড়ছে না কেন উইলিয়ামসনের। চোট কাটিয়ে দীর্ঘদিন পর বাংলাদেশের বিপক্ষে মাঠে নেমেছিল কিউই অধিনায়ক। ইনজুরি থেকে ফিরে বাংলাদেশের বিপক্ষে ১০৭ বলে ৭৮ রানের ইনিংস খেলেন উইলিয়ামসন। ম্যাচ জয়ের জন্য বড় অবদান রাখেন তিনি। ম্যাচ জয়ের দিনে দুঃসংবাদ পেয়েছেন নিউজিল্যান্ড অধিনায়ক।

ব্যাটিংয়ের সময় শর্ট মিড উইকেট থেকে নাজমুল হোসেন শান্তর ছোঁড়া বলে বাঁ হাতের বৃদ্ধাঙ্গুলিতে ব্যাথা পান তিনি। শান্তর ছোড়া বলটি নন স্ট্রাইক প্রান্তে দৌড়ে আসা উইলিয়ামসনের বাঁ হাতের বৃদ্ধাঙ্গুলিতে লাগে। সঙ্গে সঙ্গেই ফিজিওর দ্বারস্থ হতে হয়েছে তাকে। সে সময় তাকে ব্যথায় কাৎরাতে দেখা যায়। হাতে ব্যান্ডেজ দিলেও ব্যথার কারণে ৩৯তম ওভারের মাঝ পথে মাঠ ছাড়েন উইলিয়ামসন।

ম্যাচের পরই তার স্ক্যান করানোর পরই দুঃসংবাদ পেয়েছেন উইলিয়ামসন। তার বুড়ো আঙুলের হাড়ে চিড় ধরা পড়েছে। চলতি মাসে তাকে আর দেখা যাবে না। নিউজিল্যান্ড দলের পক্ষ থেকে জানানো হয়েছে অন্তত এক সপ্তাহের জন্য মাঠের বাইরে চলে গেছেন তিনি।

নিউজিল্যান্ডের প্রধান কোচ গ্যারি স্টেড এখনও উইলিয়ামসনকে নিয়ে আশাবাদী। এক বিবৃতিতে তিনি এই প্রত্যাশার কথা জানিয়েছেন। তিনি বলেন, ‘আমরা অনুভব করতে পারছি তার অবস্থা, হাঁটুর চোট থেকে ফিরে আসার জন্য যে কঠোর পরিশ্রম করেছে। এরপরই এটা ঘটেছে। যদিও এটা

হতাশাজনক খবর। প্রাথমিকভাবে তার চোট সনাক্তের পর আমরা কিছুটা আশাবাদী সে বিশ্রাম ও পুনর্বাসনের পর আবারও খেলতে পারবে। কেন (উইলিয়ামসন) স্পষ্টতই আমাদের জন্য গুরুত্বপূর্ণ এবং সে বিশ্বমানের খেলোয়াড় ও অধিনায়ক। তাকে টুর্নামেন্টের শেষদিকে ফেরার জন্য আমরা সব ধরনের সহযোগিতা করবো।’

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদার জয়রামপুরে তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদার জয়রামপুরে তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। এতে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে আড়িয়া মিশন টাইগার ক্লাব।

আজ শুক্রবার বিকেল ৪টার দিকে জয়রামপুর ইউথ ক্লাব মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়।

জয়রামপুর ইউথ ক্লাবের আয়োজন ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে আড়িয়া মিশন টাইগার ক্লাব বনাম ইঞ্জিনিয়ারিং ক্লাব কাঞ্চনপুর। খেলার নির্ধারিত সময়ে ইঞ্জিনিয়ারিং ক্লাব কাঞ্চনপুর কে ১-০গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে আড়িয়া মিশন টাইগার ক্লাব। খেলা শেষে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার তুলে দেন চ্যাম্পিয়ন দল ও রানার্স আপ দলের খেলোয়াড়দের।

জয়রামপুর ইউথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ফুটবল এসোসিয়েশন সভাপতি এখলাছ উদ্দিন সুজন।

জয়রামপুর ইউথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায়

এসময় অতিথি ছিলেন জয়রামপুর ইউথ ক্লাবের সাবেক সভাপতি ইউনুছ আলি,আমজাদ হোসেন, সিরাজুল ইসলাম মাস্টার, নিশান তরফদার, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমরাজ উদ্দীন খোকন, আহসান কবির রিপন প্রমুখ। খেলায় রেফারির দায়িত্ব পালন ইকরামুল হাসান নিপুণ, আব্দুস সবুর, তরিকুল ইসলাম আলো। মেডিকেল টিমের দায়িত্ব পালন করেন আবু বক্কর ও রাশিদুল ইসলাম স্বপন, ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন।

টস হেরে ব্যাটিংয়ে বাংলাদেশ

বিশ্বকাপে নিজেদের তৃতীয় ম্যাচে নিউজিল্যান্ডের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। শুক্রবার (১৩ অক্টোবর) চেন্নাইয়ের এম এ চিদাম্বরম স্টেডিয়ামে টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠিয়েছে নিউজিল্যান্ড।

জয় দিয়ে এবারের বিশ্বকাপ মিশন শুরু করেছিল বাংলাদেশ। তবে দ্বিতীয় ম্যাচে এসেই বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ডের কাছে হারের মুখ দেখে সাকিব আল হাসানের দল। আফগানিস্তানের বিপক্ষে ৬ উইকেটে জয়ের পর ইংল্যান্ডের কাছে ১৩৭ রানের বড় ব্যবধানে হারে টাইগাররা। এক পরিবর্তন নিয়ে মাঠে নামছে বাংলাদেশ। শেখ মেহেদির জায়গায় একাদশে ফিরেছেন অভিজ্ঞ মাহমুদউল্লাহ রিয়াদ।

অন্যদিকে বর্তমান রানার্স-আপ নিউজিল্যান্ড প্রথম দুই ম্যাচেই পেয়েছে দাপুটে জয়। প্রথম ম্যাচে ইংল্যান্ডের বিপক্ষে ৮২ বল বাকি রেখে ৯ উইকেটের জয় পায় কিউইরা। দ্বিতীয় ম্যাচে নেদারল্যান্ডসকে ৯৯ রানে হারিয়ে টানা দ্বিতীয় জয় পায় নিউজিল্যান্ড। ইনজুরি কাটিয়ে এই ম্যাচে ফিরেছেন নিয়মিত অধিনায়ক কেন উইলিয়ামসন।

বাংলাদেশের একাদশ: তানজিদ হাসান তামিম, লিটন দাস, নাজমুল হাসান শান্ত, মেহেদি হাসান মিরাজ, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, তাওহিদ হৃদয়, মাহমুদউল্লাহ রিয়াদ, তাসকিন আহমেদ, শরিফুল ইসলাম, মুস্তাফিজুর রহমান।

নিউজিল্যান্ড একাদশ: ডেভন কনওয়ে, ড্যারিল মিচেল, কেন উইলিয়ামসন,

গ্লেন ফিলিপস, টম লাথাম (অধিনায়ক), রাচিন রাভিন্দ্রা, মার্ক চ্যাপম্যান, মিচেল স্যান্টনার, লকি ফার্গুসন, ম্যাট হেনরি ও ট্রেন্ট বোল্ট।

সূত্র: ইত্তেফাক

তারকা ক্রিকেটার ছাড়াই শুরু এবারের জাতীয় ক্রিকেট লিগ

ভারতের মাটিতে চলছে বিশ্বকাপের ১৩তম আসর। এরই মধ্যে দেশের মাটিতে শুরু হয়েছে জাতীয় ক্রিকেট লিগ (এনসিএল)। এবারের লিগে বড় নাম বিশ্বকাপ দল থেকে ছিটকে পড়া মোহাম্মদ নাঈম শেখ, আফিফ হোসেন ও শামীম পাটোয়ারীরা।

বৃহস্পতিবার (১২ অক্টোবর) ঢাকা, সিলেট, চট্টগ্রাম ও রাজশাহীর মাঠে দুই স্তরের চারটি ম্যাচ দিয়ে সেই সঙ্গে শুরু হয়েছে। দুই স্তরের জাতীয় লিগের এটাই শেষ আসর। আগামী বছর থেকে আবার এক স্তরে ফিরবে চারদিনের ম্যাচের এই আসর।

প্রথম রাউন্ডে মিরপুরে লড়ছে ঢাকা-রংপুর। সিলেটে লড়ছে সিলেট-ঢাকা মেট্রো। চট্টগ্রামে লড়ছে চট্টগ্রাম-বরিশাল। রাজশাহীতে লড়ছে রাজশাহী-খুলনা।

এই চার মাঠেই ১৯ অক্টোবর দ্বিতীয় রাউন্ড। ২৬ অক্টোবর তৃতীয় রাউন্ড। ২ নভেম্বর চতুর্থ রাউন্ড। ৯ নভেম্বর পঞ্চম রাউন্ড। ও ১৬ নভেম্বর ষষ্ঠ রাউন্ড হবে।

সূত্র: ইত্তেফাক